



প্রাইম ব্যাংক লিমিটেড

একটি ব্যতিক্রমধর্মী ব্যাংক

ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন

প্রধান কার্যালয়, ২৯, রাজউক এভিনিউ, মতিবিল, ঢাকা

অভ্যন্তরীণ সাজসজ্জা এবং আসবাবপত্র সরবরাহ করণের জন্য দরপত্র

প্রাইম ব্যাংক লিমিটেড, মোনার্ক লাউঞ্জ, উত্তরা এর অভ্যন্তরীণ সাজসজ্জা এবং আসবাবপত্র সরবরাহকরণ কাজের জন্য প্রতিষ্ঠিত ও অভিজ্ঞতা সম্পন্ন ইন্টেরিওর ডেকোরেশন/আর্কিটেকচারাল/ইঞ্জিনিয়ারিং কোম্পানীর মধ্য থেকে আবদ্ধ খামে নিম্নবর্ণিত শিডিউল অনুযায়ী দরপত্র আহবান করছে:

ক্রমিক	কাজের বিবরণ	দরপত্র ক্রয়ের সময়সীমা		দরপত্র জমার তারিখ ও সময়
		হতে	পর্যন্ত	
১.	মোনার্ক লাউঞ্জ, উত্তরা এর অভ্যন্তরীণ সাজসজ্জা এবং আসবাবপত্র সরবরাহকরণ কাজ।	২২.০৫.২০১৬	৩১.০৫.২০১৬	৩১.০৫.২০১৬ (৩.০০ ঘটিকা)

দরপত্র ক্রয়ের শর্তাবলী:

- আগ্রহী প্রতিষ্ঠান নিম্নস্বাক্ষরকারী বরাবর দরপত্র ক্রয়ের জন্য দরপত্র প্রদান এবং নিম্নবর্ণিত তথ্যাদির প্রমাণ সমূহ সাপেক্ষে দরপত্র ক্রয় করতে পারবেনঃ
 - ব্যাংকের শাখা বা প্রধান কার্যালয় এর অভ্যন্তরীণ ও বাহ্যিক সাজসজ্জা কাজে ন্যূনতম ৮ (আট) বছরের বাস্তব অভিজ্ঞতা,
 - উপরোক্ত কাজে একক কার্যাদেশের অধীনে ন্যূনতম ৩০.০০ লক্ষ টাকার কাজের বাস্তব অভিজ্ঞতা,
 - উক্ত প্রতিষ্ঠানে কর্মরত নিম্নলিখিত ব্যক্তিবর্গের আই.এ.বি/আই.ই.বি সদস্য পদের সনদ থাকতে হবে, এবং -
 - প্রধান স্থপতিঃ উপরোক্ত কাজে বিআর্ক হিসেবে ন্যূনতম ১০ বৎসরের অভিজ্ঞতা।
 - প্রকল্প স্থপতিঃ উপরোক্ত কাজে বিআর্ক হিসেবে ন্যূনতম ৩ বৎসরের অভিজ্ঞতা।
 - প্রকল্প প্রকৌশলী, পুরকৌশলঃ উপরোক্ত কাজে বিএসসি/ডিপ্লোমা প্রকৌশলী হিসেবে যথাক্রমে ন্যূনতম ৩ অথবা ৬ বৎসরের অভিজ্ঞতা।
 - প্রকল্প প্রকৌশলী, তড়িৎকৌশলঃ উপরোক্ত কাজে বিএসসি/ডিপ্লোমা প্রকৌশলী হিসেবে যথাক্রমে ন্যূনতম ৩ অথবা ৬ বৎসরের অভিজ্ঞতা।
 - সঠিক রেজিস্ট্রেশন, মালিকানার সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন, টিন নম্বর, হালনাগাদ ট্রেড লাইসেন্স ও ব্যাংক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ।
লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে ম্যামোরেডাম এবং আর্টিকেলস অফ আসোসিয়েশন, ফর্ম নং X।। এবং দরপত্রে অংশগ্রহণের জন্য কোম্পানীর বোর্ডের রেজল্যুশন।
- আগ্রহী প্রতিষ্ঠান উপরোক্ত সময়সীমার মধ্যে যে কোন কার্যদিবসে যে কোন তফসিলী ব্যাংক হতে প্রাইম ব্যাংকের নামে ২,০০০.০০ (দুই হাজার) মাত্র টাকার অফেরতযোগ্য পে-অর্ডার প্রদান করে সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে দরপত্র ক্রয় করতে পারবে।
- উল্লিখিত সময়সীমার পর কোন দরপত্র প্রদান করা হবে না।
- আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নস্বাক্ষরকারীর অফিসে ২৬.০৫.২০১৬ তারিখ বেলা ৩.০০ (তিন) ঘটিকায় প্রি-বিড মিটিং এ অংশগ্রহণ করতে হবে।
- দরপত্র অবশ্যই উল্লিখিত তারিখে নিম্নস্বাক্ষরকারীর অফিসে বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে সিল আবদ্ধ খামে জমা দিতে হবে এবং খামের উপর কাজের নাম উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, একই দিন বেলা ৩.৩০ ঘটিকায় আগ্রহী প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধির উপস্থিতিতে (যদি থাকে) দরপত্র খোলা হবে। দরপত্রের সাথে অবশ্যই প্রাইম ব্যাংক লিমিটেড এর নামে প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের ২.৫% এর সমপরিমাণ অর্থের পে অর্ডার (অকৃতকার্য দরপত্র দাতাদের ক্ষেত্রে ফেরতযোগ্য) আনেক্সটম্যানি হিসাবে জমা দিতে হবে; ব্যর্থতায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- প্রাইম ব্যাংক লিমিটেড কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বর্ণিত শর্তাবলীর পরিবর্তন, উপরোক্ত প্রস্তাবনা গ্রহণ/বাতিল অথবা সংযোজন বা বিয়োজন অথবা এক বা একাধিক প্রতিষ্ঠানকে কার্যাদেশ বন্টনের ক্ষমতা সংরক্ষণ করে।
- উল্লিখিত সময়সীমার পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

সিনিয়র আইস প্রেসিডেন্ট

ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন

ফোনঃ ৭১৬১৬৩২, ৯৫৬৭২৬৫ (৩৩৬)